



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন: ০২-২২৩৭৫৪০২৫, ই-মেইল: dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/৮৮

তারিখ: ০৬ জুলাই ২০২২

**বিষয়ঃ আসন্ন পরিত্র ঈদ- উল-আযহা উপলক্ষ্যে ঢাকা মহানগরীর বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখায়
স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ে ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসংগে।**

সূত্র নংঃ বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬, তারিখ ০৫ জুলাই ২০২২ ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ,
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (কপি সংযুক্ত)।

সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে আসন্ন পরিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও
ব্যবস্থাপনায় পরিচালিত কোরবানির পশুর হাটগুলোতে আর্থিক লেনদেনে নিরাপত্তার সুবিধার্থে বাংলাদেশ কৃষি ব্যাংক, চকবাজার শাখা, নন্দীপাড়া
শাখা, জুরাইন শাখা এবং স্টাফ কলেজ শাখা নিম্নোক্ত নির্দেশনা পরিপালন সাপেক্ষে বিশেষ ব্যবস্থায় খোলা থাকবে।

- ক) ০৭ জুলাই ২০২২ তারিখ বর্ধিত সময়ে (বিকাল ৬.০০ টা হতে রাত ০৮.০০ টা পর্যন্ত) স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু
থাকবে।
- খ) ঈদ-উল-আযহার পূর্বের দুইদিন ০৮ ও ০৯ জুলাই (শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটি দিন) সকাল ১০.০০ টা হতে রাত
০৮.০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু থাকবে।
- গ) উল্লিখিত সময়ে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ঘ) চলমান করোনা পরিস্থিতি বিবেচনায় সংশ্লিষ্ট শাখায় আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বাস্থ্যরুঁকি মোকাবেলায় সর্বোচ্চ সর্তকর্তা
অবলম্বন করতে হবে।

০২। উল্লেখ্য, ০৮ ও ০৯ জুলাই ২০২২ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য কর্মকর্তাগণকে ৪০০/-
(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/- (তিনি শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে।

জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণঃ

- ০১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
- ০২। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/৮৮

তারিখ: ০৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডে, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রিটি ওয়েব-
সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।

বিপুল চন্দ্ৰ সৱকাৰ
মুখ্য কর্মকর্তা



বাংলাদেশ ব্যাংক

(সেক্রেটারিয়েট অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নেটোর নং-২৬

০৫ জুলাই ২০২২

তারিখঃ -----

২১ আষাঢ় ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা মহানগরীর বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখায়
স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ে ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কোরবানির পশুর হাটগুলোতে অধিক সংখ্যক ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কোরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংকের শাখা/উপশাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব শাখা/উপশাখা ব্যবহার করে কোরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রয়ের অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। তাছাড়া, পশুর হাটে ব্যাংকের অস্থায়ী বুথ খোলা হলে ব্যবসায়ীগণ অর্থ লেনদেনে উক্ত বুথের সহায়তা গ্রহণ করতে পারেন।

০২। বর্ণিত প্রেক্ষিতে, আপনাদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে:

- ক) ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কোরবানির পশুর হাটের (তালিকা সংযুক্ত) নিকটবর্তী শাখা/উপশাখা স্থীয় বিবেচনায় নির্বাচন করে উক্ত শাখা/উপশাখাসমূহে বিশেষ ব্যবস্থায় ০৭ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত সময়ে (বিকাল ৬:০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত) ব্যাংকিং কার্যক্রম চালু রাখা এবং ঈদ-উল-আযহার পূর্বের দুইদিন ৮ ও ৯ জুলাই ২০২২ (শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন) উক্ত শাখা/উপশাখাসমূহে সকাল ১০:০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- খ) প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করে কোরবানির পশুর হাটে স্থীয় বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপন;
- গ) চলমান করোনা পরিস্থিতি বিবেচনায় কোরবানির পশুর হাটগুলোতে স্থাপিত বুথসহ সংশ্লিষ্ট শাখা/উপশাখায় আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বাস্থ্যবুকি মোকাবেলায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন; এবং
- ঘ) সংশ্লিষ্ট শাখা/উপশাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের বিধি মোতাবেক ভাতা প্রদান।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
কেরবনীর পত্র হাটের তালিকা/২০২২

| ক্রম | হাটের নাম ও অবস্থান | পোনার নাম | বিভাগ |
|------|--|-----------------|---------|
| ১। | ইনসিটিউট অব লেদার টেকনোলজি কলেজ সংলগ্ন উন্মুক্ত এলাকা, হাজারীবাজার, ঢাকা | হাজারীবাজার | হামনা |
| ২। | রহমতগঞ্জ খেলার মাঠ সংলগ্ন আশ-পাশের বালি জায়গা, লালবাগ, ঢাকা | চক্রবাজার | লালবাগ |
| ৩। | পিটল ফ্রেন্ট প্লাট সংলগ্ন বালি জায়গা ও কমলাপুর সেটিউটের সংলগ্ন নিশ্চরোডের আশ-পাশ বালি জায়গা, ঢাকা | মাটিবিল ও মুগদা | |
| ৪। | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলপথের বাজার এর বৈরী সংঘ প্লাট সংলগ্ন আশ-পাশের বালি জায়গা, শাহজাহানপুর, ঢাকা | শাহজাহানপুর | মাটিবিল |
| ৫। | বেগুনিয়া বাজার সংলগ্ন আশ-পাশ বালি জায়গা, খিলগাঁও, ঢাকা | খিলগাঁও | |
| ৬। | ননিয়া কলেজ সংলগ্ন আশ-পাশ বালি জায়গা, যাজীবাড়ী, ঢাকা | যাজীবাড়ী | |
| ৭। | মোলাইব্যাল টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা, মোলাইব্যাল, ঢাকা | মোলাইব্যাল | |
| ৮। | পেটেজেলা শশানঘাট সংলগ্ন আশ-পাশ বালি জায়গা, শামপুর, ঢাকা | শামপুর | |
| ৯। | শামপুর কদমতলী ট্রাফ স্টেড সংলগ্ন বালি জায়গা, কদমতলী, ঢাকা | কদমতলী | |
| ১০। | আয়ুলিয়া মডেল টাউন এর আশ-পাশের বালি জায়গা, তেমরা, ঢাকা | তেমরা | |
| ১১। | সাফলিয়া বাজার, তেমরা, ঢাকা (ছায়ী হাট) | তেমরা | ওয়ারী |

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
কেরবনীর পত্র হাটের তালিকা/২০২২

| ক্রম | হাটের নাম ও অবস্থান | পোনার নাম | বিভাগ |
|------|---|-------------------------------------|---------|
| ১। | মোহাম্মদপুর বসিলাহুত ৪০ ফুট রাত্তার সংলগ্ন বালি জায়গা | মোহাম্মদপুর | তেজগাঁও |
| ২। | ঢাকা পলিটেকনিক ইনসিটিউট খেলার মাঠ | | |
| ৩। | উত্তরা ১৭ নং সেস্টেরাইট বৃন্দাবন হতে উত্তর দিকে বিজিএমইএ পর্যন্ত বালি জায়গা, তুরাগ, ঢাকা | তুরাগ | |
| ৪। | কাওলা-শিয়ালডাঙা সংলগ্ন বালি জায়গা, মধ্যবাহান, ঢাকা | মধ্যবাহান | উত্তরা |
| ৫। | ৪৪ নং ওয়ার্ডের অস্তগত কাচবুড়ু ব্যাপারী পাড়ার রহমান নগর আবাসিক প্রকল্পের বালি জায়গা, উত্তরবাহান, ঢাকা | উত্তরবাহান | |
| ৬। | ভাটোরা (সাইল নগর) পত্র হাট, ভাটোরা, ঢাকা | ভাটোরা | |
| ৭। | ৪৩ নং ওয়ার্ডের ৩০০ ফুট সড়ক সংলগ্ন উত্তর পার্শ্বে সালাম সিটল ও যমুনা হাউজিং কোম্প্যানী এন. ব্যক্তি মালিকানাধীন বালি জায়গা, খিলফেত, ঢাকা | ভাষানটেক | |
| ৮। | বাড়া ইস্টার্ন হাউজিং (আফতাব নগর), ঢক- ই, সেকশন- ৩ এর বালি জায়গা, বাড়া, ঢাকা | বাড়া | গুলশান |
| ৯। | ভাষানটেক বাজার রজনীগাঁও সুপার মার্কেটের পিছনে অস্তীর্ণী পত্রহাট, ভাষানটেক, ঢাকা | ভাষানটেক (ক্যান্টলেন্সেটি বোর্ড) | |
| ১০। | মিরপুর সেকশন- ৬, ওয়ার্ড নং- ৬ (ইস্টার্ন হাউজিং) এর বালি জায়গা, পচবী, ঢাকা | পচবী | মিরপুর |
| ১১। | গাবতলী পত্র হাট (ছায়ী হাট), মারমসালাম, ঢাকা | মারমসালাম | |